

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০১৪

সাম্মানিক বাংলা

সেমেস্টার : ৫ : কোর্স : ৪ (H-12)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

- ১। 'শুধু কেরানী' ও '— পুনাম' গল্পে দুজন কেরানির কথা থাকলেও উভয়ের মূল্যবোধচেতনায় মৌলিক পার্থক্য রয়েছে। এই দুটি গল্প অবলম্বনে বিষয়টি বুঝিয়ে দাও। ১০
- ২। 'মহানগর' গল্পে লেখক অনুসন্ধান করেছেন মহানগর আর রতন খুঁজে পেতে চেয়েছে তার দিদিকে। এই দুই অন্ত্রেষণ গল্পে কীভাবে শিল্পরূপ পেয়েছে তা নিয়ে লেখো। ১০
- ৩। 'ভবিষ্যতের ভার' গল্পে শিক্ষকের যে অন্তর্জীবনের কথা রয়েছে তার পরিচয় দাও। ১০

একক - ২

- ৪। 'গরিব কুচুটে ও হিংসুক' এক নগণ্য গ্রামে কলকাতা থেকে এক বিদুষী, রূপসি ও সুগায়িকা বধুর আবির্ভাব ঘটেছিল। অল্পদিনের মধ্যেই গ্রামের মেয়েদের মধ্যে সে পরিবর্তন এনে দিয়েছিল। 'কিন্নর দল' গল্পে মেয়েদের এই পরিবর্তনকে বিভূতিভূষণ কীভাবে দেখিয়েছেন তা নিজের ভাষায় লেখো। ১০
- ৫। 'মৌরীফুল' গল্পে লেখক সমকালীন গ্রামবাংলার সমাজব্যবস্থায় নারীর করুণ পরিণতির বাস্তব ছবি এঁকেছেন।— এমন বক্তব্য সমর্থনযোগ্য কিনা বুঝিয়ে দাও। ১০
- ৬। 'দ্রবময়ীর কাশীবাস' গল্পে দ্রবময়ী এবং নীরজাবাসিনী দুজনেই কাশীবাসিনী হয়েছিলেন। লেখকের পক্ষপাত স্পষ্টতই এক জনের প্রতি ছিল। এই পক্ষপাতের কারণ লেখকের রচনা অবলম্বনে ব্যাখ্যা করো। ১০

একক - ৩

- ৭। আশাপূর্ণা দেবীর 'জগন্নাথের জমি' গল্পে জগন্নাথের জমির ভৌগোলিক সত্যতা কতখানি রয়েছে তা লেখো। প্রসঙ্গত 'জগার একখণ্ড ভূমির' তাৎপর্য বুঝিয়ে দাও। ৪+৬=১০
- ৮। 'ছিন্নমস্তা' গল্পের জয়াবতী চরিত্র বিশ্লেষণ করো। ১০
- ৯। আশাপূর্ণা দেবীর 'আয়োজন' গল্পে একটি শিশুকে কেন্দ্র করে শিশুরমশায় ও পুত্রবধুর যে দ্বন্দ্বের চিত্র প্রকাশিত হয়েছে তার পরিচয় দাও। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি) :

২×৫=১০

- (ক) 'শুধু কেরানী' গল্পে নীড় প্রসঙ্গ
(খ) জাহাজের গাঁটরি
(গ) সহায়হরি
(ঘ) মুংলি ও খয়েরখাগী
(ঙ) বুতান
(চ) সূতনুকা